গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বিদ্যুৎ বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................................................................ ৩

প্রস্তাবনা ........................................................................................................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ..................................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................................................................ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ...................................... ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ............................ ১৬

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ**

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে জনসাধারণের কাছে বিদ্যুতের সুফল পৌঁছে দেয়া একটি অন্যতম অঙ্গীকার। সরকারের এ প্রতিশ্রুতি পূরণের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বিদ্যুৎ খাতের প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে ২০০৯ সালে স্থাপিত বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৪,৯৪২ মেগাওয়াট থেকে বৃদ্ধি পেয়ে ২০১৫ সালে ১১,৫৩৪ মেগাওয়াটে উন্নীত হয়েছে। তন্মধ্যে গত ৩ বছরে (২০১২-১৩ থেকে ২০১৪-১৫) উৎপাদন ৩,১৬৬ মেগাওয়াট বৃদ্ধি পেয়েছে এবং সিস্টেম লস ১.১০% হ্রাস পেয়েছে। বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। ফলে এ সময়ে ৬৭৩ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন ও ৫৪,০০০ কিলোমিটার বিতরণ লাইন নির্মাণ এবং নতুন ৩৪ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। এতে বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর সংখ্যা ৬০% থেকে ৭০% এ উন্নীত হয়েছে। মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ২৬৪ কিলোওয়াট ঘণ্টা থেকে বৃদ্ধি পেয়ে ৩৭১ কিলোওয়াট ঘণ্টা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

বাংলাদেশে সীমিত সম্পদ দিয়ে ক্রমবর্ধমান চাহিদার সাথে ভারসাম্য রক্ষা করে বিদ্যুৎ উৎপাদন করা বেশ কঠিন। সরাসরি বৈদেশিক বিনিয়োগের অপর্যাপ্ততা এবং নিজস্ব সম্পদের সীমাবদ্ধতা বিদ্যুৎখাতের উন্নয়নের জন্য সমস্যাসমূহের অন্যতম। সরকারের পরিকল্পনা অনুযায়ী ২০২১ সালের মধ্যে বিদ্যুৎ উৎপাদন খাতে বিনিয়োগ প্রয়োজন হবে প্রায় ২৩ বিলিয়ন ডলার, যা জোগান দেওয়া বড় চ্যালেঞ্জ। এ ছাড়া বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রাইমারি ফুয়েল সরবরাহ করাও একটি বড় চ্যালেঞ্জ। আমাদের দেশে বিদ্যুৎ উৎপাদনের মূল জ্বালানি প্রাকৃতিক গ্যাসের প্রাপ্যতা কমে যাচ্ছে। ২০০৯-১০ অর্থ-বছরে গ্যাস থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ছিল ৮৯.২২% যা ২০১৪-১৫ অর্থ বছরে কমে ৫৯.৫০% হয়েছে। অপরদিকে তরল জ্বালানির উপর নির্ভরতা বাড়ছে। ২০০৯-১০ অর্থ বছরে তরল জ্বালানি থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ছিল ৪.৭৭% যা বর্তমানে বৃদ্ধি পেয়ে ১৯.৮২% হয়েছে। তরল জ্বালানির শতভাগ বিদেশ থেকে আমদানি করতে বিপুল পরিমাণ বৈদেশিক অর্থ ব্যয় করতে হয়। নতুন পরিকল্পনায় বিদ্যুৎ উৎপাদনের জন্য কয়লাকে মূল জ্বালানি হিসেবে বিবেচনা করা হয়েছে। ২০৩০ সালে কয়লা থেকে ৫০% বিদ্যুৎ উৎপাদন হবে যা বর্তমানে ২.০৬%। কাজেই বিদ্যুৎ উৎপাদনের জন্য জ্বালানি বহুমুখীকরণ একটি বড় চ্যালেঞ্জ। মানসম্মত ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে পর্যাপ্ত জনবল নিয়োগ ও উন্নত মানবসম্পদ গড়ে তোলাও একটি বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

২০২১ সালে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা দাঁড়াবে ২৪ হাজার মেগাওয়াট। এর জন্য প্রকল্পে অর্থায়ন, জ্বালানি বহুমুখীকরণ, দক্ষ জনবল প্রতিষ্ঠা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিদ্যুৎ খাতের পারফরমেন্স উন্নয়ন ও উন্নত গ্রাহক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি পর্যাপ্ত বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ অবকাঠামো নির্মাণের লক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ সময়ের মধ্যে বিদ্যুতের সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে নামিয়ে আনা হবে। আশা করা যায় বিদ্যুতের মাথাপিছু ব্যবহার ৪৯০ কিলোওয়াট ঘণ্টায় উন্নীত হবে।

**২০১৫-১৬অর্থ বছরের সম্ভাব্য প্রধান লক্ষ্যমাত্রাসমূহ**

- বিদ্যুতের উৎপাদন ক্ষমতা ১২০০ মেঃওঃ বৃদ্ধি
- ১৫ হাজার কি.মি. বিতরণ লাইন নির্মাণ
- ১৫০ সার্কিট কি.মি. সঞ্চালন লাইন নির্মাণ
- ২০ হাজার প্রি-পেইড মিটার স্থাপন
- ১২ লক্ষ নতুন আবাসিক সংযোগ প্রদান
- বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী ৭০%-৭২% এ উন্নীতকরণ
- দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে জন প্রতি বার্ষিক ৭০ ঘণ্টা প্রশিক্ষণ প্রদান

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বিদ্যুৎ বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

যৌক্তিক ও সহনীয় মূল্যে সকলের জন্য নির্ভরযোগ্য ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ খাতের সমন্বিত উন্নয়নের মাধ্যমে ২০২১ সালের মধ্যে সকলের জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ নিশ্চিত করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
২. বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন।
৩. বিদ্যুৎ সঞ্চালন খাতের উন্নয়ন।
৪. বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর আওতা সম্প্রসারণ।
৫. বিদ্যুৎ খাতে কর্মরত মানব সম্পদ উন্নয়ন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার সম্প্রসারণের মাধ্যমে দেশের সকল জনগোষ্ঠিকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
২. বিদ্যুৎ খাতের আইন, বিধি, প্রবিধান ও নীতিমালা প্রণয়ন ও হালনাগাদকরণ।
৩. বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ কার্যক্রমে গুণগত মান বজায় রাখা।
৪. বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুতের টেকসই অবকাঠামো নির্মাণ, সম্প্রসারণ, মেরামত ও আধুনিকীকরণ।
৫. বিদ্যুৎ খাতে জয়েন্ট ভেঞ্চার ও বেসরকারি বিনিয়োগে উৎসাহ প্রদান।
৬. পল্লী অঞ্চলে বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
৭. রাজস্ব আদায় বৃদ্ধি ও সংস্থা/কোম্পানিসমূহের আর্থিক কার্যক্রম তদারকি।
৮. নবায়নযোগ্য জ্বালানি শক্তি, জ্বালানি দক্ষতা ও জ্বালানি সাশ্রয় কার্যক্রমের উন্নয়ন।
৯. সরকার কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।
১০. প্রতিবেশী দেশ থেকে বিদ্যুৎ আমদানি।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| ১) বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর আওতা সম্প্রসারণ | সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর হার | % | ৬৮ | ৭০ | ৭২ | ৭৫ | ৮০ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ভূমি মন্ত্রণালয় | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিক্স ও সার্ভে রিপোর্ট |
| ২) সিস্টেম লস হ্রাস | সিস্টেম লস | % | ১১.৯৬ | ১১.৪০ | ১১.৩৫ | ১১.৩০ | ১১.০০ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ। | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিক্স ও সার্ভে রিপোর্ট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন। | ৩২ | [১.১] বিতরণ লাইন সম্প্রসারণ | [১.১.১] সংযোজিত লাইন | কি:মি: | ৭.০০ | ১৭৫০০ | ১৬২৫০ | ১৫০০০ | ১৪৫০০ | ১৪০০০ | ১৩৫০০ | ১৩০০০ | ১৮০০০ | ২০০০০ |
| | | [১.২] উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন | [১.২.১] বর্ধিত ক্ষমতা | এমভিএ | ৫.০০ | ৮৭০ | ৮০০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ১৯০০ | ২৭০০ |
| | | [১.৩] বিতরণ সিস্টেম লস হ্রাসকরণ | [১.৩.১] হ্রাসকৃত সিস্টেম লস | % | ৮.০০ | ১১.৯৬ | ১১.৪০ | ১১.৩৫ | ১১.৪০ | ১১.৪৫ | ১১.৫০ | ১১.৫৫ | ১১.৩০ | ১১.০০ |
| | | [১.৪] প্রি-পেইড মিটার প্রবর্তন | [১.৪.১] স্থাপনকৃত প্রি-পেইড মিটার | সংখ্যা | ৪.০০ | ১৪২৪০ | ১৭২৮৭ | ২০০০০ | ১৯০০০ | ১৮০০০ | ১৭০০০ | ১৬০০০ | ২৫০০০০ | ২৭৫০০০ |
| | | [১.৫] বকেয়া হ্রাস | [১.৫.১] হ্রাসকৃত বকেয়া | সমমাস | ৬.০০ | ২.০৪ | ২.০৪ | ২.০ | ২.০৫ | ২.১০ | ২.১৫ | ২.২০ | ১.৯৫ | ১.৯০ |
| | | [১.৬] বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স ইস্যু | [১.৬.১] ইস্যুকৃত লাইসেন্স | সংখ্যা | ০.৫০ | ২৩৯২ | ৩২৭৩ | ৩৬০০ | ৩৩০০ | ২৯০০ | ২৫২৫ | ২১৬০ | ৩৯৫০ | ৪৩৫০ |
| | | [১.৭] বৈদ্যুতিক লাইসেন্স নবায়ন | [১.৭.১] নবায়নকৃত লাইসেন্স | সংখ্যা | ০.৫০ | ৭৫৫১ | ৮৮৯০ | ৯৫০০ | ৮৫৫০ | ৭৬০০ | ৬৬৫০ | ৫৭০০ | ১০৪৫০ | ১১৫০০ |
| | | [১.৮] বৈদ্যুতিক উপকেন্দ্রের অনুমোদন প্রদান | [১.৮.১] অনুমোদন প্রদানকৃত উপকেন্দ্র | সংখ্যা | ১.০০ | ২৩০৩ | ২৭০৯ | ৩০০০ | ২৭০০ | ২৪০০ | ২১০০ | ১৮০০ | ৩৩০০ | ৩৬০০ |
| [২] বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন। | ২১ | [২.১] নতুন উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | [২.১.১] নতুন উৎপাদন ক্ষমতা | মেগাওয়াট | ১৩.০০ | ১৫৪৫ | ১১৫০ | ১২০০ | ১১৫০ | ১১০০ | ১০৫০ | ১০০০ | ১৬০০ | ১৪৫০ |
| | | [২.২] বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্র সমূহের ক্ষমতা বৃদ্ধি | [২.২.১] বৃদ্ধিপ্রাপ্ত ক্ষমতা | মেগাওয়াট | ৮.০০ | ০ | ৮৩ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ০ | ০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] বিদ্যুৎ সঞ্চালন খাতের উন্নয়ন। | ১৯ | [৩.১] সঞ্চালন লাইন বৃদ্ধি | [৩.১.১] বর্ধিত লাইন | সার্কিট কি:মি: | ৫.০০ | ২১৭ | ৩২৯ | ১৫০ | ১৪০ | ১৩৫ | ১৩০ | ১২৫ | ১৪০০ | ১০০০ |
| | | [৩.২] গ্রিডের ক্ষমতা বৃদ্ধি | [৩.২.১] বর্ধিত ক্ষমতা | এমভিএ | ৮.০০ | ৩৫৪৫ | ১৯২৩ | ৫০০ | ৪৯০ | ৪৮০ | ৪৭০ | ৪৬০ | ৪০০০ | ৭০০০ |
| | | [৩.৩] সঞ্চালন লস হ্রাসকরণ | [৩.৩.১] হ্রাসকৃত সঞ্চালন লস | % | ৬.০০ | ২.৭৪ | ২.৯০ | ২.৯০ | ২.৯২ | ২.৯৪ | ২.৯৬ | ৩.০০ | ২.৮৫ | ২.৮০ |
| [৪] বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর আওতা সম্প্রসারণ। | ৬ | [৪.১] নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান | [৪.১.১] নতুন প্রদত্ত সংযোগ | লক্ষ | ৬.০০ | ৭.৮ | ৮ | ১২ | ১১.৫ | ১১ | ১০.৫ | ১০ | ১৬ | ১৬.৫ |
| [৫] বিদ্যুৎ খাতে কর্মরত মানব সম্পদ উন্নয়ন। | ৫ | [৫.১] প্রশিক্ষণ | [৫.১.১] গড় প্রশিক্ষণ | প্রশিক্ষণ জন-ঘন্টা | ৫.০০ | ৬০ | ৬০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৮ | ৫৬ | ৮০ | ৯০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বিদ্যুৎ বিভাগ, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বিদ্যুৎ বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>বিদ্যুৎ বিভাগ<br>বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | ২০/০৭/২০১৫<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ২০/০৭/২০১৫<br>তারিখ |

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিউবো/বাবিউবো | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড |
| ২ | বাপবিবো | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড |
| ৩ | ডেসকো | ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড |
| ৪ | এপিএসসিএল | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড |
| ৫ | পিজিসিবি | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| ৬ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৭ | এমওডি | মাসিক অপারেশন ডাটা |
| ৮ | এমভিএ | মেগাভোল্ট অ্যাম্পিয়ার |
| ৯ | এমএমসিএফডি | মিলিয়ন কিউবিক ফিট ডেইলি |
| ১০ | ইএসিইআই | বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর |
| ১১ | ওজোপাডিকো | ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ১২ | নওপাজেকো | নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড |
| ১৩ | ডিপিডিসি | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ১৪ | আরপিসিএল | রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড |
| ১৫ | ইজিসিবি | ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| ১৬ | কেপিআই | কি পারফর্মেন্স ইন্ডিকেটর |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] বিতরণ লাইন সম্প্রসারণ | [১.১.১] সংযোজিত লাইন | জনগণের নিকট বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিতরণ লাইন নির্মাণ | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন | [১.২.১] বর্ধিত ক্ষমতা | জাতীয় গ্রিড থেকে সরবরাহকৃত বিদ্যুৎ জনগণের নিকট পৌছানোর লক্ষ্যে বিতরণ উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি/নির্মাণ | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] বিতরণ সিস্টেম লস হ্রাসকরণ | [১.৩.১] হ্রাসকৃত সিস্টেম লস | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে বিদ্যুৎ সংস্থা/কোম্পানি সমূহের সিস্টেম লস হ্রাসকরণ | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] প্রি-পেইড মিটার প্রবর্তন | [১.৪.১] স্থাপনকৃত প্রি-পেইড মিটার | গ্রাহকের বিদ্যুৎ বিল পরিশোধে ভোগান্তি হ্রাস ও রাজস্ব আদায় নিশ্চিতকরণ এবং এনার্জি সাশ্রয়ের লক্ষ্যে প্রি-পেইড মিটার স্থাপন বৃদ্ধি | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৫] বকেয়া হ্রাস | [১.৫.১] হ্রাসকৃত বকেয়া | বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বিদ্যুৎ সংস্থা/কোম্পানি সমূহে বকেয়া হ্রাসকরণ | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৬] বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স ইস্যু | [১.৬.১] ইস্যুকৃত লাইসেন্স | বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স, সুপারভাইজার সার্টিফিকেট ও কারিগরী পারমিট জারী | বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৭] বৈদ্যুতিক লাইসেন্স নবায়ন | [১.৭.১] নবায়নকৃত লাইসেন্স | বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স, সুপারভাইজার সার্টিফিকেট ও কারিগরী পারমিট নবায়ন | বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৮] বৈদ্যুতিক উপকেন্দ্রের অনুমোদন প্রদান | [১.৮.১] অনুমোদন প্রদানকৃত উপকেন্দ্র | উচ্চ ও মধ্যম চাপ বিশিষ্ট গ্রাহকদের বৈদ্যুতিক উপকেন্দ্র পরিদর্শনপূর্বক অনুমোদন প্রদান | বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] নতুন উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | [২.১.১] নতুন উৎপাদন ক্ষমতা | সরকারি ও বেসরকারি খাতে নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড, রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড, ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড, নর্থ ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্র সমূহের ক্ষমতা বৃদ্ধি | [২.২.১] বৃদ্ধিপ্রাপ্ত ক্ষমতা | পুরাতন ও জরাজীর্ণ বিদ্যুৎ কেন্দ্রসমূহের সংস্কারের মাধ্যমে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৩.১] সঞ্চালন লাইন বৃদ্ধি | [৩.১.১] বর্ধিত লাইন | সমগ্র দেশে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালনের লক্ষ্যে নতুন সঞ্চালন লাইন নির্মাণ | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] গ্রিডের ক্ষমতা বৃদ্ধি | [৩.২.১] বর্ধিত ক্ষমতা | উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডের মাধ্যমে সঞ্চালনের লক্ষ্যে গ্রীড উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি/নির্মাণ | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৩] সঞ্চালন লস হ্রাসকরণ | [৩.৩.১] হ্রাসকৃত সঞ্চালন লস | বিদ্যুৎ সঞ্চালন লাইনের ক্ষমতা ও গ্রীড উপকেন্দ্রের ক্ষমতা সম্প্রসারণের মাধ্যমে সঞ্চালন লস হ্রাস | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.১] নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান | [৪.১.১] নতুন প্রদত্ত সংযোগ | বিদ্যুতায়নের মাধ্যমে নতুন সংযোগ প্রদান | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.১] প্রশিক্ষণ | [৫.১.১] গড় প্রশিক্ষণ | বিদ্যুৎখাতে দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড, রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড, ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড, নর্থ ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড, ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| অন্যান্য | পেট্রোবাংলা | নতুন উৎপাদন ক্ষমতা | প্রাকৃতিক গ্যাস | বিদ্যুৎ উৎপাদনের জন্য মূল জ্বালানি | ১৫০০ এমএমসিএফডি (৭০%) | উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| অন্যান্য | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন | নতুন উৎপাদন ক্ষমতা | তরল জ্বালানি | বিদ্যুৎ উৎপাদনের অন্যতম জ্বালানি | ৬,৯০,০০০ মেট্রিক টন (২০%) | উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |